

বিষয়টি অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-ও.এম-১৩/জিএ/২০১৩/ ৫৪৩৪৭/১০


তারিখ : ১০/০৮/২০১৭ খ্রি.

বিষয় : মাঠপর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় এবং বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র:-১৫খন্ড, মটরসাইকেল ও ল্যাপটপ বিতরণ অনুষ্ঠানে অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর আওতাধীন মাঠপর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় এবং বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ দলিলপত্র:১৫ খন্ড, মটরসাইকেল ও ল্যাপটপ বিতরণ অনুষ্ঠান আগামী ১৭ আগস্ট, ২০১৭ বৃহস্পতিবার সকাল ১০.০০ ঘটিকায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে (সেগুনবাগিচা) অনুষ্ঠিত হবে।

অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, এম.পি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার সম্মতি জ্ঞাপন করেছেন ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মো: সোহরাব হোসাইন। উক্ত অনুষ্ঠানে আঞ্চলিক কার্যালয়ের সকল পরিচালক ও তাঁর কার্যালয়ের ০২ জন উপপরিচালক, ০১ জন প্রোগ্রামারসহ এবং সকল জেলা শিক্ষা অফিসার ও তাঁর জেলার ০৪ জন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ উল্লিখিত তারিখ ও সময়ে যথাস্থানে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বি: দ্র: আসন গ্রহণ সকাল ৯.০০ ঘটিকায়


(মুহাম্মদ জাকির হোসেন)
সহকারি পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন-৯৫৫৬৪৩২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক, কলেজ ও প্রশাসন/ মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/মনিটরিং এন্ড ইভালুয়েশন/ অর্থ ও -
ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
- ০৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
- ০৫। জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস (সকল)।
- ০৬। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল।
- ০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,
- ০৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ০৯। ডকুমেন্টেশন সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ১০। সংরক্ষণ নথি।